৩ — 200৫

# পাঠ্যপুস্তক কেলেংকারির হোতাদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে পিন্টু ও লান্টু

**স্টাফ রিপোর্টারঃ** জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টু ও সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লান্টু গতকাল (রবিবার) এক বিবৃতিতে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে পাঠ্যপুস্তক কেলেংকারির হোতাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তিসহ অবিলম্বে পাঠ্যপুস্তক সমস্যার সমাধানের দাবী জানিয়েছেন। বিবৃতিতে ছাত্রদল নেতৃদ্বয় উদ্বেগ প্রকাশ করে বলেন, সঠিক সময়ে পাঠ্যপুস্তক প্রকাশিত না হওয়ায় সারাদেশের শিক্ষার্থীরা এখনো বই হাতে পায়নি। অথচ মাধ্যমিক স্কুলের ক্লাস ইতোমধ্যে শুরু হয়ে গেছে। নেতৃদ্বয় বলেন, সরকার মুখে মুখে গণমুখী বিজ্ঞানভিত্তিক শিক্ষা ব্যবস্থার কথা বললেও প্রতি বছর অপরিকল্পিতভাবে পাঠ্যপুস্তকের সংশোধনী করছে। যার ফলে শিক্ষার্থীরা নতুন বই তো দূরে থাক পুরাতন বইও কিনতে পারছে না। এতে সরকারের

৩ এর পৃঃ ২-এর কঃ দেখুন

## পিন্টু-লান্টু

৮-এর পৃষ্ঠার পর

তথাকথিত গণমুখী বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতি শিক্ষা সংকোচন নীতিতে পরিণত হয়েছে। বিবৃতিতে বলা হয়, এবারে এমন একটি অনভিজ্ঞ, ঋণ খেলাপী কোম্পানীকে পাঠ্যপুস্তক প্রকাশের দায়িত্ব দেয়া হয়েছে যাতে প্রমাণিত হয় পাঠ্য বই প্রকাশে বোর্ডের তথা সরকারের কোন নীতিমালা নেই। ফলে পাঠ্যপুস্তক প্রকাশে এক মহাকেলেংকারির সৃষ্টি হয়।

বিবৃতিতে নেতৃদ্বয় পাঠ্যপুস্তক প্রকাশে কেলেংকারির হোতাদের বিরুদ্ধে শাস্তির দাবী জানিয়ে সরকারের শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে ছাত্র সমাজকে দুর্বার আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।